

## ছুটি

প্রতিটি প্রশ্নের বিকল্প উত্তরগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি ✓ দ্বারা চিহ্নিত করো।

১। 'ছুটি' গল্পের রচয়িতা কে?

- (ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় (খ) রাজশেখর বসু  
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) পেমেত্র মিত্র

**উঃ রবীন্দ্রনাথ ঠাকুর।**

২। 'ছুটি' গল্প কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

- (ক) ১২৯৯ বঙ্গাব্দে (খ) ১২৯৬ বঙ্গাব্দে  
(গ) ১২৯৭ বঙ্গাব্দে (ঘ) ১২৯৫ বঙ্গাব্দে

**উঃ ১২৯৯ বঙ্গাব্দে।**

৩। কোন পত্রিকায় 'ছুটি' গল্পটি প্রথম প্রকাশ পায়?

- (ক) সাধনা (খ) কল্লোল  
(গ) হিতবাদী (ঘ) ভারতী

**উঃ সাধনা।**

৪। 'ছুটি' গল্পটি কোন গল্পগ্রন্থের অন্তর্গত?

- (ক) করঞ্জলি (খ) গল্পগুচ্ছ  
(গ) গল্পস্বল্প (ঘ) হিতৈষী

**উঃ গল্পগুচ্ছ।**

৫। 'ছুটি' গল্পের প্রধান চরিত্র কে?

- (ক) বলাই (খ) রতন  
(গ) ফটিক (ঘ) কানাই

**উঃ ফটিক।**

৬। ফটিক কোন গল্পের চরিত্র ?

- (ক) পোস্টমাস্টার (খ) ধবংস  
(গ) ছুটি (ঘ) বলাই

**উঃ ছুটি।**

৭। ফটিকের মামার নাম কী ?

(ক) ফণিভূষণ (খ) জগদীশ

(গ) বিশ্বম্ভর (ঘ) শশধর

**উঃ বিশ্বম্ভর।**

৮। ফটিকের ছোটভাইয়ের নাম কী ?

(ক) রতন (খ) বলাই

(গ) মাখন (ঘ) নিতাই

**উঃ মাখন।**

৯। ফটিকের মামা কোথায় থাকেন?

(ক) কলকাতা (খ) বিহার

(গ) শিলাইদহ (ঘ) মংপুতে

**উঃ কলকাতা।**

১০। 'এখন আমার ছুটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।'— কার উক্তি ?

(ক) রতনের (খ) বলাইয়ের

(গ) ফটিকের (ঘ) কানাইয়ের

**উঃ ফটিকের।**

১১। ফটিকের মামা কেমন দেখতে ?

(ক) লম্বা ও ফর্সা (খ) কাঁচা গোঁফ ও পাকা চুল

(গ) কালো ও বেঁটে (ঘ) পাকা গোঁফ ও কাঁচা দাঁড়ি

**উঃ কাঁচা গোঁফ ও পাকা চুল।**

১২। ফটিকের মামা কাজ করতে কোথায় গিয়েছিল ?

(ক) পশ্চিমে (খ) দিল্লীতে

(গ) ইংল্যান্ডে (ঘ) মুম্বাই

**উঃ পশ্চিমে।**

১৩। মৃত্যুর মুখে ফটিক কোন কথা বলেছিল ?

(ক) মা তুমি এসেছো (খ) আমি গ্রামে ফিরে যাব

(গ) মা এখন আমার ছুটি হয়েছে মা (ঘ) আমি স্কুলে যাব

**উঃ মা, এখন আমার ছুটি হয়েছে মা ।**

১৪। 'বিধবা এ প্রস্তাবে সহজে সম্মত হলেন' - বিধবা কে?

(ক) ফটিকের মা (খ) ফটিকের মাসি

(গ) ফটিকের ঠাকুমা (ঘ) ফটিকের কাকীমা

**উঃ ফটিকের মা।**

১৫। ফটিকেরা কোন গাছের গুঁড়ি গড়িয়ে ফেলে দিয়েছিল ?

(ক) সেগুন (খ) শাল

(গ) জাম (ঘ) আম

**উঃ শাল।**

১৬। 'মারো ঠেলা হেঁইয়ো' —কারা বলেছিল?

(ক) কাঠুরিয়ার দল (খ) বালিকার দল

(গ) বালকের দল (ঘ) শ্রমিকের দল

**উঃ বালকের দল।**

১৭। 'ফটিকদাদা মা ডাকছে।'—কে বলেছিল?

(ক) বাঘা বাগদি (খ) ফটিকের ভাই

(গ) ফটিকের বন্ধু (ঘ) ফটিকের বোন

**উঃ বাঘা বাগদি।**

১৮। 'উৎসাহে তাহার রাত্রে নিদ্রা হয় না' - কার কথা বলা হয়েছে?

(ক) রতনের (খ) মাখনের

(গ) ফটিকের (ঘ) বলাইয়ের

**উঃ ফটিকের।**

১৯। 'দেখ, মার খাবি! এই বেলা ওঠ।'— কার উক্তি?

(ক) রতনের (খ) ফটিকের মার

(গ) ফটিকের (ঘ) বলাইয়ের

**উঃ ফটিকের ।**

২০। ফটিকের মামাতো ভাই ক'জন ?

(ক) তিন

(খ) চার

(গ) পাঁচ

(ঘ) ছয়

**উঃ তিন।**

২১। ফটিককে পড়াশোনার জন্য গ্রাম থেকে কোথায় নিয়ে যাওয়া হয়েছিল?

(ক) কলকাতায় মামার বাড়ি

(খ) সোদপুরে মাসির বাড়ি

(গ) নৈহাটি পিসির বাড়ি

(ঘ) কলকাতায় কাকার বাড়ি

**উঃ কলকাতায় মামার বাড়ি।**

২২। 'বালককে জিজ্ঞাসা করিলেন, চক্রবর্তীদের বাড়ি কোথায়?'- কে জিজ্ঞাসা করলেন?

(ক) দিগম্বর বাবু

(খ) হরিহর বাবু

(গ) বিশ্বম্ভর বাবু

(ঘ) শশধর বাবু

**উঃ বিশ্বম্ভর বাবু।**

২৩। ফটিকের বয়স কত?

(ক) ১৩-১৪ বছর

(খ) ১১-১২ বছর

(গ) ১৬-১৭ বছর

(ঘ) ১০-১২ বছর

**উঃ ১৩-১৪ বছর।**